

# স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিওটির পদত্যাগ, বন্ধ ঘোষণা



ছবি- সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৪ আগস্ট ২০২৪ | ০৬:৩৭ | আপডেট: ২৪ আগস্ট ২০২৪ | ১৩:৪৩



স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ফাতিনাজ ফিরোজ পদত্যাগ করেছেন। একইসঙ্গে বিশ্ববিদ্যালয়টি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার মুহাম্মদ আব্দুল মতিন সাক্ষরিত চিঠিতে এ তথ্য জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তারা জানান, আওয়ামী লীগ সরকার পতনের পর শিক্ষার্থী ও শিক্ষকরা বিওটির পদত্যাগের আন্দোলন চালিয়ে আসছিল। এসব

ট্রাস্টিজের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতি ও নানা অজুহাতে চাকরিচ্যুত করার অভিযোগ ছিল।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় থেকে আমাদেরকে জানানো হলে আমরা শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করবো। এরপর সরকার নতুন একটি বোর্ড গঠন করে দেবে। সেক্ষেত্রে বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের কোন সমস্যা নেই।